

(নিচের প্রশ্নগুলোর উত্তর নিজ নিজ খাতায় লিখ)

১. নিচের শব্দগুলোর সঠিক অর্থ লিখ।

১×২= ২

বিহার, ধর্মচর্চা।

২. নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দুটি শব্দ তৈরি করে একটি করে বাক্যে প্রয়োগ দেখাও।

২×২= ৪

ন, ক্ষ।

৩. নিচের বাক্যগুলো সত্য হলে 'সত্য' এবং মিথ্যা হলে 'মিথ্যা' লিখে সঠিক বাক্যটি লিখ।

১×৪= ৪

ক) আলেকজান্ডার কানিংহাম ময়নামতির বিশাল পুরাকীর্তিটি আবিষ্কার করেন।

খ) বাংলাদেশের আরেকটি বিহার হলো মধুপুর শালবন বিহার।

গ) রাজা দ্বিতীয় ধর্মপাল প্রায় ১২শ বছর আগে পাহাড়পুর বিহারটি নির্মাণ করান।

ঘ) পাহাড়পুরে উচ্চ শিক্ষার কোন ব্যবস্থা ছিল না।

৪. নিচের প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখ।

১×২= ২

ক) পাহাড়পুর বিহারের পাশে দেখার মত একটি কী আছে? এবং সেখানে সুন্দর করে কী সাজিয়ে রাখা আছে?

৫. নিচের প্রশ্নের বর্ণনামূলক উত্তর লিখ।

১× ৪= ৪

ক) তোমার জানা/দেখা যেকোন একটি ঐতিহাসিক স্থান/ জায়গা সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।

৬. নিচের বামদিকের বাক্যাংশের সাথে ডানদিকের বাক্যাংশ মিলিয়ে চারটি সঠিক বাক্য তৈরি কর।

১×৪=৪

বাম দিক	ডান দিক
ক) পাহাড়পুর বিহার খনন করে পাওয়া যায়	১. বিশেষ একটা জায়গায় থাকতেন।
খ) পাহাড়পুর বিহারটি প্রায়	২. অনেক পুরাতন ও দুর্লভ জিনিসপত্র।
গ) বিহারে ভিক্ষুরা নিজেদের ধর্মচর্চা করতেন	৩. ৪০ একর জায়গা জুড়ে বিস্তৃত।
ঘ) প্রায় ১৪শ বছর আগে বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুগণ	৪. জায়গার নাম পাহাড়পুর।
	৫. আর শিষ্যদের শিক্ষা দিতেন।